**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২৭ ডিসেম্বর ২০১৫, ১৩ পৌষ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ন্যায়বিচার মৌলিক অধিকার : রাষ্ট্রপতি

-জনগণের কল্যাণে মেধা কাজে লাগান

২। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ চুক্তি সই

৩। বাগমারার মসজিদে আত্মঘাতী বোমায় হত ১, আহত ১০

৪। ভাগ্য বদলে কাজ করুন : নারী বিচারকদের উদ্দেশে স্পিকার

৫। পৃথিবীর অন্যান্য দেশের চেয়ে বাংলাদেশের মানুষ আশঙ্কামুক্ত : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। মুক্তিযুদ্ধ নিয়ে বিতর্কিত বক্তব্য ঠেকাতে আইন প্রণয়নের দাবি

৭। বিদ্যুৎ সংযোগের আওতায় ময়মনসিংহের কলসিন্দুর গ্রাম

৮। বিচার ব্যবস্থায়ও বাংলাদেশ এশিয়ার রোল মডেল : প্রধান বিচারপতি

৯। উৎসবমুখর পরিবেশে বড়দিন উদ্‌যাপিত

১০। পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) পালন

চলমান পাতা/২

১। **ন্যায়বিচার মৌলিক অধিকার : রাষ্ট্রপতি**

**-জনগণের কল্যাণে মেধা কাজে লাগান**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, ন্যায়বিচার প্রাপ্তি মানুষের মৌলিক অধিকার; কিন্তু নানা কারণে জনগণ সেই মৌলিক অধিকার থেকে বঞ্চিত হয়ে থাকে। তিনি বলেন, বিচারকরা জাতির বিবেক। তাই সংবিধান, আইনের প্রতি অবিচল আস্থা, দেশ ও জনগণের প্রতি দায়বদ্ধ থেকে বিচারকরা তাদের ওপর অর্পিত দায়িত্ব পালন করবেন এটাই প্রত্যাশা। গতকাল ২৬ ডিসেম্বর শনিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন-২০১৫'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় রাষ্ট্রপতি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)

এদিকে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ দেশের এবং দেশের জনগণের কল্যাণে মেধা, জ্ঞান ও দক্ষতা কাজে লাগানোর জন্য প্রাক্তন ক্যাডেটদের প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি গতকাল ২৬ ডিসেম্বর শনিবার সিলেট ক্যাডেট কলেজে আয়োজিত ওল্ড ক্যাডেট অ্যাসোসিয়েশন অব সিলেটের সপ্তম পুনর্মিলনী অনুষ্ঠানে এ কথা বলেন। সূত্র- **প্রথম আলো** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৬), **ডেইলি স্টার** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)

২। **রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ চুক্তি সই**

রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ চুক্তি সই করেছে সরকার। গত ২৫ ডিসেম্বর শুক্রবার সন্ধ্যায় রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে রাশান ফেডারেশনের ঠিকাদারি প্রতিষ্ঠান এটমস্ট্রয় এক্সপোর্ট এবং বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের মধ্যে চুক্তিটি স্বাক্ষর হয়। চুক্তি অনুযায়ী ১২ দশমিক ৬৫ বিলিয়ন ডলার, যা টাকার অঙ্কে এক লাখ এক হাজার কোটি টাকায় রূপপুরে দুই হাজার ৪০০ মেগাওয়াটের বিদ্যুৎ কেন্দ্রটি নির্মাণ করবে রাশান ফেডারেশন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ,ক.৪), **ডেইলি স্টার** (শেষ পৃ,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১) **ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। **বাগমারার মসজিদে আত্মঘাতী বোমায় হত ১, আহত ১০**

রাজশাহীর বাগমারায় প্রত্যন্ত অঞ্চলের একটি আহমদিয়া মসজিদে জুমার নামাজের সময় আত্মঘাতী বোমা হামলায় একজন নিহত হয়েছে। এ ঘটনায় আরও অন্তত ১০ জন আহত হয়েছেন। আহতরা সবাই জুমার নামাজের মুসল্লি। শুক্রবার জুমার নামাজ চলাকালে মুসল্লিবেশে এ আত্মঘাতী হামলা চালানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১) **নিউএজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। **বাংলাদেশের নারীদের ভাগ্য বদলে কাজ করুন : নারী বিচারকদের উদ্দেশে স্পিকার**

সম্মিলিত প্রচেষ্টায় বাংলাদেশের নারীদের ভাগ্য পরিবর্তন এবং সুন্দর, বৈষম্যহীন ও শোষণমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে কাজ করতে নারী বিচারকদের প্রতি আহ্বান জানিয়েছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গত ২৫ ডিসেম্বর শুক্রবার রাজধানীর বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউটের সম্মেলনকক্ষে বাংলাদেশ মহিলা জজ অ্যাসোসিয়েশনের ২৬তম বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। নারী বিচারকদের উদ্দেশে স্পিকার বলেন, 'আসুন আমাদের সকলের সম্মিলিত প্রচেষ্টায় আমরা বাংলাদেশের নারীদের ভাগ্য পরিবর্তনের লক্ষ্য নিয়ে কাজ করি এবং একটি সুন্দর, বৈষম্যহীন ও শোষণমুক্ত সমাজ গড়ি, যেটা আমাদের সংবিধানের অঙ্গীকার। আমরা যেন সেটা গড়ে তোলার লক্ষ্য নিয়ে কাজ করি।' সূত্র-**যায়যায়দিন** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১), **প্রথম আলো** (পৃ.৮,ক.৩)



**৫। পৃথিবীর অন্যান্য দেশের চেয়ে বাংলাদেশের মানুষ আশঙ্কামুক্ত : স্বরাষ্ট্রমন্ত্রী**

রাজশাহীর বাগমারাসহ দেশের অন্যান্য স্থানে হামলার ঘটনাগুলো আন্তর্জাতিক চক্রান্ত। সারা দেশে দুর্বৃত্তরা কিছু সন্ত্রাসী কর্মকান্ড চালালেও আমাদের দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি ভালো এবং পৃথিবীর অন্যান্য যে কোনো দেশের চেয়ে বাংলাদেশের মানুষ আশঙ্কামুক্ত রয়েছে। গতকাল ২৬ ডিসেম্বর সেগুনবাগিচায় ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে ক্রাইম রিপোর্টার্স এসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভায় স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (পৃ.১৬ ,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)

**৬। মুক্তিযুদ্ধ নিয়ে বিতর্কিত বক্তব্য ঠেকাতে আইন প্রণয়নের দাবি**

মুক্তিযুদ্ধ নিয়ে বিতর্কিত বক্তব্য ঠেকাতে আইন প্রণয়নের দাবি জানিয়েছে একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি। গতকাল ২৬ ডিসেম্বর শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। এছাড়া মানবতাবিরোধী অপরাধীদের স্থাবর-অস্থাবর সম্পত্তি এবং ব্যাংকে গচ্ছিত অর্থ বাজেয়াপ্ত করে তা মুক্তিযুদ্ধের ভিকটিম ও পরিবারের কল্যাণে ব্যয় করারও দাবি জানানো হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.৪,ক.৮), **প্রথম আলো** (পৃ.১৭,ক.২), **নিউএজ** (শেষ পৃ,ক.১),**ডেইলি অবজারভার** (পৃ.১১,ক.১)

**৭। বিদ্যুৎ সংযোগের আওতায় ময়মনসিংহের কলসিন্দুর গ্রাম**

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর আওতাধীন ধোবাউড়া উপজেলার কলসিন্দুর গ্রামটি বিদ্যুৎ সংযোগের আওতায় এসেছে। নতুন বিদ্যুৎ সংযোগ সুবিধার আওতায় এসেছে ১৯ জন কৃতী ফুটবলারসহ ৮০৩ পরিবার। গতকাল ২৬ ডিসেম্বর শনিবার আনুষ্ঠানিকভাবে এ গ্রামে বিদ্যুৎ সংযোগ উদ্বোধন করা হয়। ২০১৩-২০১৪ সালে বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপে কলসিন্দুর প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রীরা জাতীয়

পর্যায়ে ফুটবলে চ্যাম্পিয়নশিপ অর্জন করে। এছাড়া ২০১৫ সালের এপ্রিল মাসে নেপালে অনুষ্ঠিত এএফসি কাপে নেপাল, ভূটান, ইরানকে হারিয়ে আঞ্চলিক পর্যায়ে অসামান্য অবদান রাখায় ঐসব কৃতী ফুটবলারদের বাড়িসহ মোট ৮০৩ পরিবারে বিদ্যুৎ সংযোগ দিয়েছে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.৪), **যুগান্তর** (পৃ.১৬ ,ক.৬)

## ৮। বিচার ব্যবস্থায়ও বাংলাদেশ এশিয়ার রোল মডেল

প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা বলেছেন, অর্থনীতির মতো বিচার ব্যবস্থায়ও 'বাংলাদেশ এশিয়ার রোল মডেল' হিসেবে বিশ্বব্যাংকের স্বীকৃতি পেয়েছে। তেমনিভাবে সবার আন্তরিক প্রয়াস ও সহযোগিতায় অচিরেই বাংলাদেশ বিচার ব্যবস্থায় বিশ্বের রোল মডেল হিসেবে মাথা উঁচু করে দাঁড়াবে। গতকাল ২৬ ডিসেম্বর শনিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বিচার বিভাগীয় সম্মেলনে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৩), **নিউএজ** (শেষ পৃ,ক.৬)

## ৯। উৎসবমুখর পরিবেশে বড়দিন উদ্‌যাপিত

সেবার ব্রত নিয়ে বিশ্ব শান্তি কামনার মধ্য দিয়ে বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও উৎসবমুখর পরিবেশে উদ্‌যাপিত হলো খ্রিস্টান ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শুভ বড়দিন। মৌলবাদী জঙ্গি তৎপরতা, খ্রিস্টান যাজকদের ওপর হামলার প্রেক্ষাপটে উৎকণ্ঠা থাকলেও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কঠোর অবস্থানে স্বস্তি প্রকাশ করেছে সাধারণ মানুষ। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **যায়যায়দিন** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **নিউএজ** (পৃ.৩,ক.২)

## ১০। পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) পালন

সারা দেশে ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে গত ২৫ ডিসেম্বর শুক্রবার পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) পালিত হয়েছে। দিনটি বিশ্বমানবতার মুক্তির দিশারী মহানবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাহে ওয়া সাল্লামের জন্ম ও ওফাত দিবস। দিবসটি উপলক্ষে বিভিন্ন ধর্মীয়, রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন ব্যাপক কর্মসূচি পালন করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **নিউএজ** (পৃ.৪,ক.১)

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, সংবাদ, সমকাল, ভোরের কাগজ, যুগান্তর, ইনকিলাব, ডেইলি স্টার :** রাজশাহীর বাগমারায় একটি আহমদিয়া মসজিদে জুমার নামাজ চলাকালে বোমা বিস্ফোরণের ঘটনা দেশের বিভিন্ন অঞ্চলের বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের উপাসনালয়ে সন্ত্রাসী হামলার যেসব ঘটনা ঘটেছে তারই ধারাবাহিকতা উল্লেখ করে এ ধরনের একের পর এক ঘটনা রোধে সরকার, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীগুলো এবং জনগণকে মিলিতভাবে সর্বাত্মক প্রতিরোধ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** রাজধানীর উত্তরায় জসিমউদ্দিন রোডে একজন বাসচালক ইচ্ছাকৃতভাবে একজন অটোরিক্সা চালককে চাপা দিয়ে মেরে ফেলার নৃশংস ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের অদক্ষ ও বেপরোয়া চালক এবং ত্রুটিপূর্ণ যানবাহনের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **সমকাল :** রাজধানীর হাতিরঝিল প্রকল্প এলাকায় বাস সার্ভিস চালুর উদ্যোগকে স্বাগত জানিয়ে এ উদ্যোগ জনগণের আকাঙ্খার প্রতি সময়োচিত সাড়া বলে মন্তব্য।

ঘ. **যুগান্তর, নিউনেশন :** জনস্বাস্থ্য ইন্সটিটিউট পরিচালিত এক গবেষণায় শীতের সবজি ফুলকপি ও লালশাকে ক্ষতিকর বিভিন্ন কীটনাশকের মাত্রা স্বাভাবিকের চেয়ে চার থেকে ৩৬ গুণ পর্যন্ত বেশি এ খবরে উদ্বেগ প্রকাশ করে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সরকারকে কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঙ. **ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউএজ, ডেইলি সান, যায়যায়দিন :** মিরপুরে জঙ্গি আস্তানার সন্ধান এবং এদের উচ্ছেদে পুলিশি অভিযানের মধ্য দিয়ে এটা প্রমাণিত হয়েছে এরা অত্যন্ত সুকৌশলে আবারো সংগঠিত হওয়ার চেষ্টা অব্যাহত রেখেছে। আটক জঙ্গিদের দৃষ্টান্তমূলক শাস্তির পাশাপাশি জঙ্গি নির্মূলে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ডেইলি সান :** পরিবেশ রক্ষায় বেশি করে গাছ লাগানোর ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে নানা চ্যালেঞ্জ ও প্রতিকূলতা সত্ত্বেও বাংলাদেশ এরই মধ্যে অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিতকরণ ও প্রবৃদ্ধি অর্জনে অগ্রগতি নিশ্চিত করেছে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **‘তিস্তা নদী : সম্পদ ও প্রাণবৈচিত্র্য রক্ষায় চাই অব্যাহত জলপ্রবাহ’** শিরোনামের নিবন্ধে শাহজাহান কবির জহীর দেশের নদীগুলোকে বাঁচিয়ে তুলতে মুক্ত জলপ্রবাহের ব্যবস্থা করণ এবং দেশের সম্পদ ও প্রাণবৈচিত্র্য রক্ষায় সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কার্যকর পদক্ষেপ নেবে বলে প্রত্যাশা ব্যক্ত করেছেন।

#

ফাহিমা/শুকলা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা